

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী  
জেলা কমান্ড্যান্টের কার্যালয়, শরীয়তপুর।



তারিখ: ১৯ আষাঢ় ১৪৩০ বঙ্গাব্দ  
০৩ জুলাই ২০২৩ খ্রিঃ

“অফিস-আদেশ”

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকার প্রশিক্ষণ নির্দেশিকা ২০২৩-২০২৪ অর্থ বছর অনুযায়ী জেলা কমান্ড্যান্টের কার্যালয়, শরীয়তপুরের অধীন ২১ দিন মেয়াদী অন্তর্সহ ভিডিপি মোলিক প্রশিক্ষণ (পুরুষ) ১ম ধাপ আগামী ০৯/০৭/২০২৩খ্রিঃ হতে ২৯/০৭/২০২৩খ্রিঃ তারিখ পর্যন্ত জেলা কমান্ড্যান্টের কার্যালয়, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, শরীয়তপুরে সম্পন্ন হবে। উক্ত প্রশিক্ষণের জন্য যোগ্য প্রশিক্ষণার্থী বাছাই কার্যক্রম আগামী ০৫/০৭/২০২৩ তারিখ বুধবার সকাল ১০.০০ ঘটিকায় জেলা কমান্ড্যান্টের কার্যালয়, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, শরীয়তপুর এর মাঠে অনুষ্ঠিত হবে। উপর্যুক্ত প্রশিক্ষণে অংশগ্রহণ করতে আগ্রহী প্রার্থীদের নিম্নবর্ণিত যোগ্যতার স্বপক্ষে কাগজপত্রসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

“যোগ্যতা ও শর্তাবলী”

- ১। ভিডিপি প্লাটুনভুক্ত সদস্য হতে হবে।
- ২। প্রার্থীকে ন্যূনতম ৮ম শ্রেণী পাশ হতে হবে।
- ৩। প্রার্থীর বয়স ১৮-৩০ বছর হতে হবে।
- ৪। সর্বনিম্ন উচ্চতা ৫'-৮" হতে হবে।
- ৫। সু-স্বাস্থ্যের অধিকারী ও অধিক উচ্চতাধারীদের অগ্রাধিকার দেয়া হবে।
- ৬। প্রার্থীকে স্বেচ্ছাসেবায় আগ্রহী হতে হবে।
- ৭। প্রার্থীকে এলাকায় সুনামের অধিকারী হতে হবে।
- ৮। প্রার্থীকে স্থানীয় ইউনিয়ন চেয়ারম্যান/কাউন্সিলর কর্তৃক নাগরিকত ও চারিত্বিক প্রত্যয়নপত্র জমা দিতে হবে।
- ৯। প্রার্থীকে জাতীয় পরিচয়ধারী হতে হবে।
- ১০। যারা গ্রামে স্থায়ীভাবে বসবাস করে এবং নিজ এলাকায় কর্মসংস্থানের ব্যবস্থা রয়েছে তাদেরকে প্রশিক্ষণার্থী হিসেবে বাছাই করা হবে।
- ১১। উপজেলার প্রতি ইউনিয়ন হতে প্রশিক্ষণার্থী বাছাই করা হবে।
- ১২। সাজাপ্রাপ্ত/দভিত ও মামলায় জড়িত ব্যক্তিকে প্রশিক্ষণার্থী হিসেবে বাছাই করা হবে না।

মোঃ মামুন-হোসলাদার

বিএভিঃ ১৫০০০০০১১

সহকারী জেলা কমান্ড্যান্ট

পক্ষে - জেলা কমান্ড্যান্ট

আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী

শরীয়তপুর।

মোবাইল: ০১৭৫০১৫০২১

ডেম্যুলেশন ইমেইল: dcansarvpshariatpur@gmail.com

তারিখ: ১৯ আষাঢ় ১৪৩০ বঙ্গাব্দ

০৩ জুলাই ২০২৩ খ্রিঃ

স্মারক নং-৮৮.০৩.৩০৮৬.০০২.০০.০০০.২৩-৯৩৫

অনুলিপি:

১. উপ-মহাপরিচালক  
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, ঢাকা রেঞ্জ, ঢাকা।
২. প্রশিক্ষণ (ভিডিপি) শাখা  
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী  
সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।
৩. উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা  
সদর/নড়িয়া/ভেড়েরগঞ্জ/জাজিরা/ভাসুড়া/গোসাইরহাট, শরীয়তপুর।
৪. মোটিশ বোর্ড.....
- .....।
৫. অফিস কপি।

পক্ষে - জেলা কমান্ড্যান্ট  
আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী  
শরীয়তপুর।